



ধর্মীয় রাষ্ট্র নয় ধর্মনিরপেক্ষ রাষ্ট্র চাই ॥ ধর্ম যার যার রাষ্ট্র সবার

বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ

যোগাযোগ ঠিকানা : দারুস সালাম আর্কেড

১৪, পুরানা পল্টন, ৯ম তলা (লিফট-৮), ঢাকা-১০০০

E-mail: bhbcop@yahoo.com, Website: www.bhbcop.net

শিল্পপতি অনিরুদ্ধ রায়ের অপহরণ ঘটনার বিষয়ে

বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের

সংবাদ সম্মেলন

তারিখ: ৩০ আগস্ট, ২০১৭ বুধবার

সময়: সকাল ১১টা

স্থান: গোলটেবিল মিলনায়তন, ঢাকা রিপোর্টার্স ইউনিটি, ঢাকা

প্রিয় সাংবাদিক বন্ধুগণ,

আপনারা আমাদের আন্তরিক অভিবাদন গ্রহণ করবেন। আমাদের আহ্বানে সাড়া দিয়ে আপনারা এখানে উপস্থিত হয়েছেন, তজ্ঞন্যে জানাই ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

প্রিয় বন্ধুগণ,

এক অস্থির সময়ের মধ্য দিয়ে এদেশের ধর্মীয়-জাতিগত সংখ্যালঘু জনজীবন অতিবাহিত হচ্ছে। সামগ্রিক রাজনৈতিক পরিস্থিতি তাদের মধ্যে এক ধরণের শংকা ও হতাশা তৈরী করেছে। এরই মধ্যে গত ২৭ আগস্ট ২০১৭ইং তারিখ বিকেল ৪টার খানিকক্ষণ পর ঢাকার গুলশান ১ নম্বর চত্বর থেকে বিশিষ্ট ব্যবসায়ী-শিল্পপতি, ৫ বারের সিআইপি এবং বাংলাদেশ বেলাক্লেশের অনারারী কঙ্গাল অনিরুদ্ধ রায়কে 'পত্রিকার ভাষামতে' নিজেদের একটি বিশেষ সংস্থার লোক হিসেবে পরিচয় দিয়ে মাইক্রোবাসে তুলে তিনজন অপহরণকারীর একটি দল অজ্ঞাতস্থানে নিয়ে গেছে। এ ব্যাপারে ঘটনার পরপর স্থানীয় গুলশান থানায় ডায়েরী করা হলেও আইন-শৃংখলা রক্ষাকারী কর্তৃপক্ষসহ সম্ভাব্য সকল স্থানে খোঁজাখুঁজি করেও আজও তার কোন সন্ধান মেলে নি। এরই মধ্যে এ খবরও আমরা পেয়েছি যে, আইন-শৃংখলা রক্ষাকারী কর্তৃপক্ষের পরিচয় দিয়ে কয়েকটি দল গত কয়েক দিনে অপহৃত অনিরুদ্ধ রায়ের পরিবারের লোকজনদের সন্ধানে তাঁর বাসভবনে গেছে। এহেন ঘটনায় পরিবার আতঙ্কগ্রস্ত।

প্রিয় সাংবাদিক ভায়েরা,

ব্যবসায়ী অনিরুদ্ধ রায়ের নিখোজের এ ঘটনা এদেশের আপামর সংখ্যালঘু সম্প্রদায়কে বিশেষ করে ব্যবসায়ী মহলকে অধিকতর ক্রম্ব করে তুলেছে। একদিকে সাম্প্রদায়িক রাজনৈতিক প্রচার-প্ররোচনা, অন্যদিকে সংখ্যালঘুদের জায়গা-জমি দখল, উপাসনালয়ে অব্যাহত হামলা এমনকি দেশত্যাগের মতো হুমকিজনিত পরিস্থিতির মধ্যে এহেন অপহরণের ঘটনা সংখ্যালঘুদের নিদারুণ উদ্ভিন্ন করে তুলেছে।

এহেন উদ্ভিন্নতা নিরসনে আজকের এ সংবাদ সম্মেলন থেকে বিশিষ্ট ব্যবসায়ী-শিল্পপতি অনিরুদ্ধ রায়কে উদ্ধারে এবং তাঁর পরিবারের সার্বিক নিরাপত্তায় আমরা মাননীয় প্রধানমন্ত্রীর আশু হস্তক্ষেপ কামনা করছি।

আপনাদের সবাইকে ধন্যবাদ।

আন্তরিক ধন্যবাদান্তে-

(এ্যাড. রানা দাশগুপ্ত)

সাধারণ সম্পাদক

বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ

০১৭১২২৭৪৫৩২